মন্ত্রিপরিষদ বিভাগের আগস্ট ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: আগস্ট ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ৯ সেপ্টেম্বর ২০২৬

(১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	৪৭৪	২৮৪	১৯০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	২,০৯৮	১,১৫৮	৯৪০
মোট	২,৫৭২	১,৪৪২	১,১৩০

ক.২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	৪২	৩২	৬৩	৫১	১৯০
দুর্নীতি দমন কমিশন	-	-	৩১৩	২১৯	২৮২	১২৬	৯৪০
মোট	২	-	৩৫৫	২৫১	৩৪৫	১৭৭	১,১৩৩

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	২	-	(১) ২৭-২৮ আগস্ট ২০২৬ মেয়াদে শরীয়তপুর জেলার জাজিরা উপজেলা সফর করেন।
	সচিব, সমন্বয় ও সংস্কার		
	-	-	-
	অতিরিক্ত সচিব		-
	-	-	

দুর্নীতি দমন কমিশন	সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised)	৯৮	৩.১৩ (৩.১৯ শতাংশ)	-
2. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)	১১২.১৮	৭.৬৪ (৬.৮১ শতাংশ)	-
3.Strengthening SBCC Delivery System in Social Protection	৪৪.৯২	১.৭২ (৩.৮৩শতাংশ)	
4. Strengthening Shock Responsive and Nutrition Sensitive Social protection Programmes (SSRNSSPP)	৪২৫.৫২	৪৮.২৭ (১১.৩৪ শতাংশ)	
মোট	৬৮০.৬২	৬০.৭৬ (৮.৯৩ শতাংশ)	-

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি:

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	-	-	-	১৪টি	বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	৩৯টি	১৮৪.৫৭	৭টি	১১টি	২৮টি	-
মোট	৫৩টি	১৮৪.৫৭	৭টি	১১টি	৪২টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	-	-	-	২	২
দুর্নীতি দমন কমিশন	১৫	-	-	-	-	১৫	-
মোট	১৭	-	-	-	-	১৭	২

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১.	'Digital Asset Recovery' বিষয়ক প্রশিক্ষণের প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরণ সংক্রান্ত বিশেষ কর্মশালা	৬ আগস্ট ২০২৬	২৫ জন
	২.	মার্কেট ম্যানিপুলেশন, ইনসাইডার ট্রেডিং বা ক্যাপিটাল মার্কেট ব্যবহারের মাধ্যমে সংগঠিত অপরাধ শনাক্ত ও তদন্ত পরিচালানা সংক্রান্ত প্রশিক্ষণ	৯-১৩ আগস্ট ২০২৬	৬০ জন
	৩.	কমিশনের কার্যক্রম সংশ্লিষ্ট আইন ও বিধির পরিচিতি এবং দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ	৯-১৩ আগস্ট এবং ১৬-২০ আগস্ট ২০২৬	৬০ জন
	৪.	সিআইডি কর্তৃক আয়োজিত ফরেনসিক ইনভেস্টিগেশন বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাদের পেশাগত জ্ঞান ও লব্ধ অভিজ্ঞতা অর্জনের উপর দিনব্যাপী Dissemination কর্মশালা	১২ আগস্ট ২০২৬	২৫ জন
	৫.	দাপ্তরিক ক্রয় ব্যবস্থাপনা এবং ক্রয় পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণ	১৬-২০ আগস্ট এবং ২৩-২৫ আগস্ট ২০২৬	৪০ জন
	৬.	এনফোর্সমেন্ট কার্যক্রম, গোয়েন্দা তথ্য উপাত্ত সংগ্রহ এবং ফাঁদ মামলা পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ	২৩-২৫ আগস্ট ২০২৬	২০ জন

দুর্নীতি দমন কমিশন	৭.	ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, বাংলাদেশ কর্তৃক আয়োজিত সাইবার সিকিউরিটি বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাদের জ্ঞান ও লব্ধ অভিজ্ঞতা অর্জনের উপর দিনব্যাপী Dissemination কর্মশালা	২৭ আগস্ট ২০২৬	২৫ জন
	৮.	Stress Management বিষয়ক প্রশিক্ষণ	২৪-২৫ আগস্ট ২০২৬	৪০ জন

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৬-২৭ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ শুরু করার লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

ক্রম	অতিথি বক্তা/ প্রশিক্ষক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী	তারিখ
-	-	-	-	-

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	১২৪তম সিনিয়র স্টাফ কোর্স, বিপিএটিসি, সাভার, ঢাকা	৫ জুলাই থেকে ১৮ আগস্ট ২০২৬	জনপ্রশাসন মন্ত্রণালয়	৩ জন
	২.	Executive leadership শীর্ষক Short Course, অস্ট্রেলিয়া	১৪-২৯ আগস্ট ২০২৬	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	২ জন
	৩.	সরকারি ক্রয় ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ বিসিএস (প্রশাসন) একাডেমি, ঢাকা	৯-২০ আগস্ট ২০২৬	জনপ্রশাসন মন্ত্রণালয়	১ জন
	৪.	Share Learnings Exchange Program শীর্ষক প্রশিক্ষণ, রুয়ান্ডা	৪-৭ আগস্ট ২০২৬	ভাইটাল স্ট্র্যাটিজিস ও সিডিসি ফাউন্ডেশন	১ জন
	৫.	Fundamental Training Course, আরপিএটিসি, ঢাকা	২-২৭ আগস্ট, ২-২০ আগস্ট এবং ৯-২০ আগস্ট ২০২৬	আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র	৩ জন
দুর্নীতি দমন কমিশন	১.	FATF Standards Training Course (STC-51)	১০-১৪ আগস্ট ২০২৬	দুনীর্তি দমন কমিশন	১ জন

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না, না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: মন্ত্রিপরিষদ বিভাগের ৩ জন এবং দুদকের ১ জন মোট ৪জন।

(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই।

(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সাতটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২২টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ১০টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ১৩টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৪৬টি প্রস্তাব এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৯টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ১৩টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) আগস্ট ২০২৬ মাসে সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্য মন্ত্রিসভা কমিটি, অর্থবছরের সময়কাল পরিবর্তনের উদ্দেশ্যে কর্মপন্থা নির্ধারণ সংক্রান্ত কমিটি, জাতীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উপদেষ্টা পরিষদ গঠন সংক্রান্ত কমিটি, ক্রিয়েটিভ অর্থনীতি বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটি (National Steering Committee on Creative Economy), বিনিয়ন্ত্রণ ও ব্যবসা সহজীকরণ বিষয়ক জাতীয় টাস্কফোর্স (National Task Force on Deregulation and Business Facilitation) এবং বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫-এর প্রতিবেদন সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটি গঠন করা হয়েছে।

(৫) আগস্ট ২০২৬ মাসে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার), জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক), অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, জাতীয় ঔষধ উপদেষ্টা পরিষদ এবং প্রবাসীবান্ধব সেবা নিশ্চিতকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি পুনর্গঠন করা হয়েছে।

(৬) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৩টি আইন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(৭) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জহির উদ্দিন স্বপনের পদত্যাগপত্র মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক গৃহীত হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২১ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৮) রাষ্ট্রপতি পদে নির্বাচিত মির্জা ফখরুল ইসলাম আলমগীর ২১ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশের সংবিধানের ১৪৮(১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২১ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৯) মির্জা ফখরুল ইসলাম আলমগীর ২১ আগস্ট ২০২৬ তারিখে রাষ্ট্রপতির কার্যভার গ্রহণ করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২১ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১০) সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (২) দফা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ২১ আগস্ট ২০২৬ তারিখে ৪ জন মন্ত্রী এবং ২ জন প্রতিমন্ত্রীকে নিয়োগদান করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২১ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১১) মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business, 1996-এর Rule 3B(i) ও 3B(ii) অনুযায়ী জনাব জহির উদ্দিন স্বপনকে প্রধানমন্ত্রীর উপদেষ্টা হিসেবে নিয়োগদান ও রাজনৈতিক উপদেষ্টার দায়িত্ব অর্পণ করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২১ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১২) ১৩-১৭ আগস্ট ২০২৬ মেয়াদে অস্ট্রেলিয়ার ডারউইনে অনুষ্ঠিত দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথম টেস্টে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল স্বাগতিক অস্ট্রেলিয়া জাতীয় ক্রিকেট দলকে ৯ উইকেটে পরাজিত করেছে। বাংলাদেশ

জাতীয় দলের এই ঐতিহাসিক জয়ে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল, দলের অধিনায়ক, খেলোয়াড়, কোচ, সাপোর্ট স্টাফ, বাংলাদেশ ক্রিকেট বোর্ডসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করে ১৭ আগস্ট ২০২৬ তারিখের মন্ত্রিসভা-বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২১ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৩) Rules of Business, 1996 এবং এর অধীন Schedule-I (Allocation of Business among the different Ministries and Divisions (কার্যতালিকা)-এর Ministry of Religious Affairs শিরোনামাধীন Item No. 22 ও তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রির পর '23. Matters relating to Halal standard and certification.' নতুন Item No. 23 ও এন্ট্রি সন্নিবেশ সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৪) প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতাধীন ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ-এর চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন, সিএফএ-কে প্রতিমন্ত্রীর পদমর্যাদা প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৩ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৫) ত্রয়োদশ জাতীয় সংসদে মন্ত্রণালয়/বিভাগসমূহের সংসদ বিষয়ক কার্যাবলি সম্পর্কিত দায়িত্ব বণ্টন করা হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৩ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৬) আগস্ট ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ৯টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ৮টি এবং পুনঃতদন্তের জন্য ২টিসহ মোট ১৯টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) আগস্ট ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২৭টি অভিযোগ তদন্তপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১৮টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। ২টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। সরাসরি দাখিলকৃত ৭টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(১৮) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জুলাই দ্বিতীয় এবং আগস্ট প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৯) সর্বজনীন পেনশন স্কিম বিষয়ক কর্মশালা, পেনশন মেলা, রোড শো এবং মতবিনিময় সভা আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) মাঠ পর্যায়ে 'জাতীয় মৎস্য পক্ষ ২০২৬'-এর সফল বাস্তবায়নে সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) জেলা সার ও বীজ মনিটরিং কমিটি এবং উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করে কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) বিশ্ব পর্যটন দিবস ২০২৬ এবং পর্যটন মেলা সুষ্ঠু ও যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল জেলা প্রশাসক-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) 'মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের জন্য সম্মানী ও কল্যাণ সহায়তা প্রদান নীতিমালা ২০২৬' এর সংশোধিত খসড়া নীতিমালায় বর্ণিত কমিটিতে মাঠ প্রশাসনের কর্মকর্তাগণকে অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৪) আগস্ট ২০২৬ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে কমিশনার এবং সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আগস্ট ২০২৬ মাসের কমিশনার মাসিক সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(২৫) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত জুলাই ২০২৬ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রতিবেদনে উপস্থাপিত মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২৬) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ১৭ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৭) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮ এর আওতায় ২০২৪ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং কমিশনার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৮) 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮)' সংশোধনপূর্বক 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০২৬' জারি করা হয়েছে।

(২৯) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১ জানুয়ারি হতে ৩১ আগস্ট ২০২৬ মেয়াদে মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ৩২,৪১৩টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ১৭,৩১২টি, অভিযোগ নিষ্পত্তির হার ৫৩.৪১ শতাংশ।

(৩০) মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন চার্টার ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সিটিজেন্স চার্টার হালনাগাদকরণের জন্য নিয়মিতভাবে পরিবীক্ষণ করা হচ্ছে এবং প্রাপ্ত ত্রুটি-বিচ্যুতিসমূহ টেলিফোনিক যোগাযোগ ও পত্র প্রেরণের মাধ্যমে সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

গ. আগামী (সেপ্টেম্বর-অক্টোবর ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(২) মন্ত্রিসভা কমিটি/কমিশন/ অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১৬টি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন।

(৪) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২২তম সভা আয়োজন।

(৫) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২১১তম সভা আয়োজন।

(৬) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রাক-নিকার সচিব কমিটির সভা আয়োজন।

৩০/০৯/২৬

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব